

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

19 SEPTEMBER 2026

7:35—7:40 AM

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ২০তম রোজগার মেলায় বিভিন্ন সরকারী বিভাগ ও প্রতিষ্ঠানে নিযুক্তি লাভ করা ৫১ হাজারেরও অধিক যুবক-যুবতীকে নিযুক্তিপত্র প্রদান করবেন। দেশের ৪৫ টি স্থানে ২০ তম রোজগার মেলার আয়োজন করা হয়েছে। নবনিযুক্ত প্রার্থীরা কর বিভাগ, রেল বিভাগ, গৃহ পরিক্রমা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, অর্থ সেবা, প্রতিরক্ষা সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে যোগদান করবে। মোট ১২ লক্ষ ৭৫ হাজার যুবক - যুবতী বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে নিযুক্তি লাভ করেছে। এই রোজগার মেলাসমূহের মাধ্যমে সরকার যুবক যুবতীদের বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে নিযুক্তি প্রদানের সুবিধা গ্রহণের ক্ষেত্রে এবং দেশের বিকাশের যাত্রায় যুব প্রজন্মের অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়াস করেছে।

জন্মমৃত্যু নথিভুক্ত সংশোধনী আইন আগামী পয়লা অক্টোবর থেকে সারা দেশে কার্যকর হবে। ভারতের রেজিস্টার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ন বলেছেন যে, সংশোধিত এই আইনে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য নথিভুক্তির নিয়মবিধি পূর্বের তুলনায় আরো অধিক কঠোর করা হয়েছে।

উল্লেখ্য যে, The registration of birth and death amendment bill 2026 সংসদের উভয় কক্ষে অনুমোদনের পর গত মাসে রাষ্ট্রপতির সাক্ষরের মাধ্যমে আইনে পরিণত হয়েছে। জন্ম মৃত্যু সংক্রান্ত তথ্য নথিভুক্তির ক্ষেত্রে বিলম্ব প্রতিরোধেই আইনটি সংশোধন করা হয়েছে। নতুন আইনে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য ১ থেকে ২ বছরের মধ্যে নথিভুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে। এই নির্ধারিত সময়ের পর জন্ম মৃত্যুর তথ্য নথিভুক্ত করার জন্য প্রথম শ্রেণীর বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের নির্দেশ প্রয়োজন হবে।

দ্রুত পরিবর্তনশীল অর্থনৈতিক এবং প্রযুক্তিগত পরিবেশ ভারতকে উৎপাদনের বৈচিত্র্যময় এবং সরবরাহের শক্তিশালী ক্ষেত্র হিসেবে গড়ে তুলেছে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মত প্রকাশ করেছেন । নতুন দিল্লীতে অনুষ্ঠিত আই সি সি বিশ্ব বাণিজ্য সম্মেলনে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা বলেন । বিশ্বের প্রথমসারীর শিল্পপতিদের আসামে বিনিয়োগ করতে মুখ্যমন্ত্রী ডক্টর আহ্নান জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ পরিকাঠামো এবং উন্নয়নের ওপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন । ফলে আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে আত্মপ্রকাশ করতে সক্ষম হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রকাশিত সাম্প্রতিক প্রতিবেদনের কথা উল্লেখ করে বলেন যে আসাম দেশের সবচেয়ে দ্রুতগতির উন্নত রাজ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে ।

কাছাড় জেলার নরসিংপুরের জুবিন অনুরাগীদের উদ্যোগে আজ প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রথম প্রয়ান বার্ষিকী বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হবে । আজ বিকেল তিনটে থেকে প্রায় ৬০ জন ছাত্র-ছাত্রীকে নিয়ে জুবিন গার্গের ছবি নিয়ে অংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে । বিকেল পাঁচটায় প্রদীপ প্রজ্জ্বলন , প্রার্থনা এবং জুবিন গার্গের মায়াবিনী সঙ্গীত পরিবেশনের আয়োজন করা হয়েছে । এছাড়া রাত ৮টায় জুবিন গার্গ স্মরণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আজ শ্রীভূমি শহরের স্টিমারঘাট প্রাঙ্গণে প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রথম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শ্রীভূমি জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সর্বস্তরের জনসাধারণকে স্বেচ্ছা রক্তদান শিবিরে অংশগ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে ।

জাপানের নাগোয়ায় আজ ২০ তম এশিয়ান গেমস শুরু হচ্ছে । শুটিংয়ে দুবারের অলিম্পিক পদকপ্রাপ্ত মনু ভাকের এবং শটপুটে এশিয়ার চ্যাম্পিয়ন তাজিন্দরপাল সিং উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের পতাকা বহন করবেন । ভারতীয় প্রতিনিধি দলের # শেফ দ্য মিশন # সহদেব যাদব একথা জানান । ২০২৪ এর অলিম্পিকে মনু ভাকের স্বাধীন ভারতের প্রথম মহিলা খেলোয়াড় হিসেবে শুটিংয়ে দুটি পদক অর্জন করেন । অন্যদিকে তাজিন্দরপাল সিং ২০১৮ এবং ২০২২ এ শটপুট এ স্বর্ণপদক পেয়েছিলেন ।

শিলচর স্পোর্টিং ক্লাবের ৯০তম বর্ষ পূর্তি উপলক্ষ্যে আজ থেকে দু দিনের ওপেন প্রাইজম্যানী ক্যারাম বোর্ড প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে ।

ক্লাবের সভাপতি ডক্টর অনুপ কুমার রায় জানান যে আজ সকাল ১১টায় এই প্রতিযোগীতা শুরু হবে এবং প্রতিযোগীতায় বয়সের কোন ধরনের বাধ্যবাধকতা থাকবে না ।

আগামীকাল সন্ধ্যা সাতটায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে প্রতিযোগীতা শেষ হবে । অংশগ্রহনে ইচ্ছুক প্রতিযোগীদের ক্লাবের ফুটবল সচিব অনিমেষ চন্দ্রের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ) ইংরাজী , বাণিজ্য এবং সামাজ্যবিজ্ঞান এই তিনটি বিষয়ে আয়োজিত ইউ জি সি - নেট জুন ২০২৬ পরীক্ষার চূড়ান্ত উত্তরপত্র প্রকাশ করেছে । উত্তরপত্রগুলো এইচ-টি-টি-পি-এস ইউ জি সি-নেট ডট এন -টি-এ ডট এন আই সি ডট ইন এই সরকারী ওয়েবসাইটে পাওয়া যাবে । দেশের ২শো ৭২টি শহরের ৪শো ৫৪টি কেন্দ্রে চলতি মাসের ৯ ও ১০ তারিখ এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল ।
